



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন: ০২৩৩৩৩৭২০৬৩, মোবাইল: ০১৮৮৩০১১৭০১, ০১৩০৯১০৭৮১৮


Email: rgcchtbd@yahoo.com, Website: www.rangamaticollege.gov.bd

স্মারক নং- রাসক/

তারিখ: ০৩/০২/২০২৫ খ্রি.


জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষা-২০২৩ এর উত্তীর্ণ পরীক্ষার্থীদের নিকট ইতোমধ্যে মূল সনদপত্র বিতরণ করা হয়েছে। উক্ত পরীক্ষার মূল সনদপত্র বিতরণকালীন পরিলক্ষিত হয় যে, অধিকাংশ মূল সনদপত্রের নিম্নভাগে শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এর স্বাক্ষর লিপিবদ্ধ থাকলেও কিছু সংখ্যক সনদপত্রে নেই। তাই সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে গৃহিত মূল সনদপত্র তাৎক্ষণিকভাবে যাচাই করার পর পরীক্ষা নিয়ন্ত্রক এর স্বাক্ষর বিহীন মূল সনদপত্র আগামী ১০/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক শাখায় পুনরায় ফেরত প্রদানের জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, পরীক্ষার্থীর এ সকল সনদপত্রসমূহ পরীক্ষা নিয়ন্ত্রক এর স্বাক্ষর গ্রহণের জন্য শীঘ্রই বোর্ডে প্রেরণ করা হবে।


03.02.2025
(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


০৩/০২/২০২৫

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।